

ভোকের কাগজ

খাতির ... ..  
পৃষ্ঠা: ১১ কলাম ... ৬৬...

## বিসিএস সাধারণ শিক্ষা পরিষদের নির্বাচন সম্পন্ন

ঢাকার শহীদ সোহরাওয়ার্দী কলেজে বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের দ্বিবার্ষিক কাউন্সিল অধিবেশন গত ১০ মে অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন সরকারি কলেজ থেকে আগত কাউন্সিলরগণের সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক পরিষদের সংবিধানে সংশোধনী এনে বাংলাদেশ সরকারি কলেজ শিক্ষক পরিষদের নাম পরিবর্তন করে বিসিএস সাধারণ শিক্ষা পরিষদ নামকরণ করা হয়। উক্ত কাউন্সিল অধিবেশনে আগামী দুবছরের জন্য অধ্যক্ষ মোঃ আলী আক্তার খান ডাকারকে সভাপতিমণ্ডলীর সভাপতি, অধ্যাপক মুহম্মদ হুজিউর রহমান পাঞ্জাবীকে মহাসচিব এবং অধ্যাপক মোঃ মঞ্জির রহমান হাওলাদারকে কোষাধ্যক্ষ করে ১৪৬ সদস্যবিশিষ্ট বিসিএস সাধারণ শিক্ষা পরিষদের একটি কার্যনির্বাহী কমিটি নির্বাচিত হয়। বিজ্ঞপ্তি।